

যায়যায়দিন

উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পে প্লাস্টিকের ব্যবহার বন্ধে মানববন্ধন অনুষ্ঠিত

প্রকাশ | ০৩ জুন ২০২৩, ১৫:৫৫

👤 উখিয়া (কক্সবাজার) প্রতিনিধি



কক্সবাজারের উখিয়ায়। স্থানীয় এনজিওদের নেটওয়ার্ক (সিসিএনএফ) এবং বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) উদ্যোগে সুপেয় পানি সংকট প্রতিরোধে ভূ-উপরিষ্কার পানি ব্যবহারের উদ্যোগ চাই ও রোহিঙ্গা ক্যাম্পে

প্লাস্টিক ব্যবহার বন্ধের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আগামী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসকে সামনে রেখে উখিয়া মডেল সরকারি প্রাইমারি স্কুলের সামনে অনুষ্ঠিত মানববন্ধনে সভাপতিত্ব করেন সুশাসনের জন্য নাগরিক সুজনের উখিয়া উপজেলা সভাপতি সাংবাদিক নূর মোহাম্মদ সিকদার। এতে প্রধান অতিথি ছিলেন কক্সবাজার জেলা প্রেসক্লাবের সভাপতি ও বাংলাদেশ পরিবেশ আন্দোলন বাপার সভাপতি মুক্তিযোদ্ধা ফজলুল কাদের চৌধুরী।

কোস্ট ফাউন্ডেশনের সহকারি পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের উপস্থাপনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কক্সবাজার জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদ মোহাম্মদ এরশাদ কোস্ট ফাউন্ডেশনের মোস্তফা কামাল আখন্দ স্কাসের আনোয়ার জাহিদ, উখিয়া প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ফারুক আহমদ, সিভিল সোসাইটির শামসুল আলম উখিয়া রাজাপালং ইউনিয়ন পরিষদের মেম্বর ইঞ্জিনিয়ার হেলাল উদ্দিন মহিলা মেম্বর খুরশিদা বেগম মাস্টার আব্দুল খালেক ইমাম সমিতির সাধারণ সম্পাদক মাওলানা জাফর আলম ও পরিবেশ আন্দোলনের উখিয়া শাখার সভাপতি আয়াজ রবি। মানববন্ধনে বক্তারা পরিবেশ সুরক্ষায় কক্সবাজারের উখিয়া-টেকনাফে ৩৩ টি রোহিঙ্গা ক্যাম্পে প্লাস্টিক ব্যবহার অবিলম্বে বন্ধ এবং এই ক্ষেত্রে সরকারের ভূমিকা আরো জোরালো করার আহবান জানান।

মানববন্ধনে সিভিল সোসাইটি, জনপ্রতিনিধি, সাংবাদিক, পরিবেশ কর্মী, বিভিন্ন এনজিও প্রতিনিধিসহ কোস্ট ফাউন্ডেশনের কর্মীরা অংশগ্রহণ করেন।